



# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ডাকবাস্তি নং ৩২৫

ঢাকা।

w.w.w bangladesh bank.org.bd

সূত্র নং-এসএসপিডি সার্কুলার নং ০৫

ক্ষমি খণ্ড ও স্পেশাল প্রোগ্রামস বিভাগ  
(শিল্প উপ বিভাগ)

তারিখ ০৮/০৫/২০০৮

বাংলাদেশের সকল তফসিলী  
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

## ক্ষুদ্র ও মাঝারি (এসএমই) উদ্যোগাদের অর্থায়ণ প্রসঙ্গে / Financing for Small & Medium Entrepreneurs (SMEs)

উপরোক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও ক্ষুদ্র ও মাঝারি শিল্প ও ব্যবসায়িক কর্মকাণ্ড সম্প্রসারণের মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন, কর্মসংস্থান সৃষ্টি ও ক্রমবর্ধমান বেকার সমস্যা সমাধানে ক্ষুদ্র ও মাঝারি (এসএমই) খাত বিগত কয়েক বৎসর যাবত গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে। এক্ষেত্রে বাণিজ্যিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলো খণ্ডপ্রবাহ বৃদ্ধির মাধ্যমে কার্যকর ভূমিকা রাখছে। এসএমই খাতকে আরও শক্তিশালী করার লক্ষ্যে বাণিজ্যিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলো বলিষ্ঠ ভূমিকা রাখতে পারে। এ জন্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলো নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করবে :-

- ১। বাংসরিক মোট খণ্ড বিতরণযোগ্য অর্থের মধ্যে এসএমই খাতে খণ্ড বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক বাংলাদেশ ব্যাংককে অবহিত করতে হবে;
- ২। এসএমই খাতে যে পরিমাণ অর্থ নির্ধারণ করা হবে তার অন্তর্ভুক্ত ৪০% অর্থ ক্ষুদ্র উদ্যোগাদের জন্য নির্ধারণ করতে হবে এবং বাকী অর্থ মাঝারি উদ্যোগাদের জন্য ব্যবহার করতে হবে;
- ৩। এসএমই খাতের জন্য নির্ধারিত ডেস্ক (dedicated desk) স্থাপন করতে হবে;
- ৪। বাংলাদেশ ব্যাংককে ত্রৈমাসিক ভিত্তিতে এসএমই সংক্রান্ত যে তথ্য দেয়া হয় এখন থেকে সংযুক্ত ছক অনুযায়ী সে তথ্যে ক্ষুদ্র ব্যবসায়ে খণ্ডপ্রবাহের পরিমাণ ও শতকরা হার উল্লেখ করতে হবে;
- ৫। বাংলাদেশ ব্যাংক সময়ে সময়ে শর্তাবলী পরিবর্তন/পরিমার্জন করতে পারবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আবদুল হক)  
মহাব্যবস্থাপক  
ফোনঃ ৯১২০৯৮৭

সংযোজনী এসএমই-৩

এসএমই খাতের বিতরণকৃত ঋণের ত্রৈমাসিক বিবরণী :

প্রতিষ্ঠানের নাম :

সময়কাল :

ত্রৈমাস অন্তে মোট বিতরণকৃত ঋণের পরিমাণ	ত্রৈমাস অন্তে এসএমই খাতে মোট বিতরণকৃত ঋণের পরিমাণ	মোট বিতরণকৃত ঋণের সঙ্গে এসএমই খাতের বিতরণকৃত ঋণের শতকরা হার	ত্রৈমাস অন্তে এসএমই খাতের ক্ষুদ্র উদ্যোক্তাদের জন্য বিতরণকৃত ঋণের পরিমাণ	এসএমই খাতের বিতরণকৃত ঋণের সঙ্গে ক্ষুদ্র উদ্যোক্তাদের জন্য বিতরণকৃত ঋণের শতকরা হার